



স্মারক নম্বর: ১৫.৫৬.৪৭০০.০০০.০৭৩.১৬.০০০২.২৫.৭৫

তারিখ: ২ আশ্বিন ১৪৩৩
১৭ সেপ্টেম্বর ২০২৬

বিষয়: সেপ্টেম্বর-২০২৬ মাসের প্রথম পক্ষের জনমত প্রতিবেদন প্রেরণ।

বিদ্যুৎ পরিস্থিতি : খুলনায় বর্তমানে বিদ্যুৎ পরিস্থিতি কিছুটা নাজুক। চাহিদার তুলনায় সরবরাহ কম থাকায় বিভিন্ন এলাকায় ঘন ঘন লোডশেডিং হচ্ছে, বিশেষ করে সন্ধ্যা ও রাতে ভোগান্তি বাড়ছে। এতে সাধারণ মানুষের পাশাপাশি ব্যবসা-বাণিজ্য ও শিল্পকারখানার কার্যক্রমও ব্যাহত হচ্ছে। রামপাল তাপবিদ্যুৎকেন্দ্রের একটি ইউনিট বন্ধ থাকায় দক্ষিণ-পশ্চিমাঞ্চলের বিদ্যুৎ সরবরাহে বাড়তি চাপ তৈরি হয়েছে। তবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সূত্রানুযায়ী, বন্ধ ইউনিটগুলো সচল করতে মেরামত কার্যক্রম চলছে এবং বিদ্যুৎ উৎপাদন ও সরবরাহ স্বাভাবিক রাখতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কাজ করছে। এসব উদ্যোগ দ্রুত সফল হলে খুলনার বিদ্যুৎ পরিস্থিতির উন্নতি হয়ে লোডশেডিং কমে আসবে বলে প্রত্যাশা করা যায়।

স্থানীয় বিষয় : খুলনায় বর্তমানে ডেঙ্গু পরিস্থিতি উদ্বেগজনক। এ পর্যন্ত খুলনা বিভাগে আক্রান্তের সংখ্যা প্রায় ৯ হাজার ৭৪৮ জন এবং মৃত্যু ৩৪ জনে দাঁড়িয়েছে। খুলনা জেলায়ও রোগীর চাপ বাড়ছে, ফলে হাসপাতালগুলোতে চিকিৎসাসেবার ওপর চাপ তৈরি হয়েছে। বিশেষ করে সেপ্টেম্বর-অক্টোবরকে খুলনায় ডেঙ্গুর উচ্চঝুঁকির সময় হিসেবে চিহ্নিত করা হয়েছে এবং নগরীর ১০টি ওয়ার্ডসহ রূপসা, ফুলতলা ও পাইকগাছাকে ঝুঁকিপূর্ণ এলাকা হিসেবে ধরা হয়েছে। তবে ইতিবাচক দিক হলো, রোগীদের চিকিৎসা দেওয়া হচ্ছে, বিপুলসংখ্যক রোগী সুস্থ হয়ে ছাড়পত্রও পাচ্ছেন এবং খুলনা সিটি কর্পোরেশন, স্বাস্থ্য বিভাগ ডেঙ্গু নিয়ন্ত্রণে মশকনিধন, প্রজননস্থল ধ্বংস ও চিকিৎসা সরঞ্জাম নিশ্চিত করার ওপর গুরুত্ব দিচ্ছে। এছাড়া বিভাগীয় জেলা তথ্য অফিস, খুলনা জনসচেতনতায় প্রচার প্রচারণা কাজ অব্যাহত রেখেছে।


পরিবেশ : খুলনায় সাম্প্রতিক অতিবৃষ্টির পর খুলনা সিটি কর্পোরেশন (কেসিসি) এলাকার উন্নত ড্রেনেজ ব্যবস্থার কারণে নগরে জলজট না দেখা গেলেও, গ্রামাঞ্চলে আশঙ্কাজনকভাবে ডেঙ্গু সংক্রমণ বৃদ্ধি পাচ্ছে। কেসিসি এলাকায় নালা-নর্দমা নিয়মিত পরিষ্কার রাখা ও পানিনিষ্কাশন ব্যবস্থা সচল থাকায় শহরে পানি জমতে পারছে না, ফলে এডিস মশার প্রজনন কিছুটা নিয়ন্ত্রণে রাখা সম্ভব হয়েছে। তবে এর বিপরীতে খুলনা জেলার বিভিন্ন উপজেলা ও গ্রামাঞ্চলে অপরিষ্কৃত পানি ব্যবস্থাপনা, খাল-বিলের স্বাভাবিক প্রবাহ বাধাগ্রস্ত হওয়া এবং বাসাবাড়ির চারপাশে ডাবের খোসা, প্লাস্টিকের পাত্র ও খোলা জায়গায় দীর্ঘক্ষণ বৃষ্টির পানি জমে থাকায় সেখানে এডিস মশার লার্ভা দ্রুত বংশবৃদ্ধি করছে। এছাড়া গ্রামাঞ্চলে ডেঙ্গু প্রতিরোধে মশক নিধন অভিযান ও সচেতনতামূলক কার্যক্রমের অভাব এবং লার্ভিসাইড স্প্রে না করায় সংক্রমণ মূলত গ্রামমুখী রূপ নিয়েছে। ফলে শহরের হাসপাতালগুলোতে ভর্তি হওয়া বেশিরভাগ ডেঙ্গু রোগীই এখন খুলনা জেলার প্রত্যন্ত অঞ্চল থেকে আসছেন।

আইন শৃঙ্খলা : খুলনা মেট্রোপলিটন পুলিশ ও জেলা প্রশাসনের নিয়মিত যৌথ টহল, প্রযুক্তিনির্ভর গোয়েন্দা নজরদারি এবং মাদক ও কিশোর গ্যাং বিরোধী বিশেষ অভিযানের ফলে খুলনায় আইনশৃঙ্খলা পরিস্থিতি সুসংহত ও ইতিবাচক ধারায় রয়েছে। কোনো ধরনের পক্ষপাতিত্ব ছাড়া অপরাধ দমনে জিরো টলারেন্স নীতি গ্রহণ, প্রধান সড়কগুলোতে ইজি বাইক চালকদের প্রশিক্ষণের মাধ্যমে ট্রাফিক শৃঙ্খলা ফিরিয়ে আনা এবং কমিউনিটি পুলিশিংয়ের মাধ্যমে জনগণের সাথে সম্পৃক্ততা বৃদ্ধি পাওয়ায় নগরজুড়ে সাধারণ মানুষের মধ্যে সার্বিক নিরাপত্তা ও স্বস্তি বৃদ্ধি পেয়েছে। খুলনা আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে গোয়েন্দা সংস্থা, পুলিশ, র‌্যাব নিরলস কাজ করে যাচ্ছে।

দ্রব্যমূল্য : খুলনার বড়বাজার, গল্লামারী ও নিউ মার্কেটসহ প্রধান পাইকারি ও খুচরা বাজারে চাল, আলু, পেঁয়াজ ও রসুনের পর্যাপ্ত সরবরাহ থাকায় নিতাপ্রয়োজনীয় পণ্যের বাজার পরিস্থিতি সামগ্রিকভাবে স্থিতিশীল ও স্বস্তিদায়ক রয়েছে। জেলা প্রশাসন ও সিটি কর্পোরেশনের নিয়মিত তদারকি, নির্ধারিত মূল্য তালিকা প্রদর্শন এবং টিসিবি এর সাশ্রয়ী মূল্যে পণ্য বিক্রির ফলে অসাধু সুযোগ নেওয়ার সুযোগ কমে এসেছে। একই সাথে পার্শ্ববর্তী কৃষি এলাকাগুলো থেকে সতেজ শাকসবজি ও স্থানীয় খামারের মাছ-মাংসের অবাধ সরবরাহ সাধারণ ক্রেতাদের ক্রয়ক্ষমতার মধ্যে সাশ্রয়ী বিকল্প নিশ্চিত করে বাজার ব্যবস্থাপনায় একটি আশাব্যঞ্জক ও ইতিবাচক পরিবেশ বজায় রেখেছে।

নৈতিক অবক্ষয় : নৈতিক অবক্ষয় রোধকল্পে জেলা প্রশাসন, জেলা তথ্য অফিসের প্রচার ও প্রচারণা অব্যাহত রয়েছে। আইন শৃঙ্খলা বাহিনী সচেষ্ট রয়েছে।

অপপ্রচার : অপপ্রচাররোধে বিশেষকরে গুজব প্রতিরোধে জেলা পুলিশের বিশেষ কার্যক্রম চলমান। কেউ যাতে অপপ্রচার চালাতে না পারে সেইজন্য সার্বক্ষণিক মনিটরিং ব্যবস্থা ও সাইবার নিরাপত্তা কার্যক্রম খুলনায় চলমান আছে। “হেল্প লাইন” দেওয়া নাশ্বরে কল করার জন্য বলা আছে।



১৭-০৯-২০২৬
গাজী জাকির হোসেন
পরিচালক
ফোন : ০২৪৭৭৭২১৮৪২
ফ্যাক্স : ০২৪৭৭৭২১৮৪২
ইমেইল : ddinfoklna@gmail.com

মহাপরিচালক (রুটিন দায়িত্ব)
মহাপরিচালক-এর দপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর।

